

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ভৈরব, কিশোরগঞ্জ
<http://food.bhairab.kishoreganj.gov.bd>

পত্র সংখ্যা: ১৩.০২.৪৮১১.০২৫.২১.০৩৫.১৬-২০০

তারিখ: ০৬ আগস্ট, ২০১৮

“বিজ্ঞপ্তি”

শিবপুর ইউনিয়নের শমুপুর রেলগেইট বাজারে একজন খাদ্য বাস্কব কর্মসূচীর ডিলার নিয়োগ করা হবে। নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী

- (ক) আবেদনকারীর উক্ত স্থানে নিজস্ব/ভাড়াই দোকান থাকতে হবে;
- (খ) দোকানের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং খাদ্যশস্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত ভাবে সংরক্ষণে উপযোগী হতে হবে;
- (গ) আবেদনকারীর দোকান/সংযুক্ত গুদামে কমপক্ষে ১৫ (পনেরো) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের সুব্যবস্থা থাকতে হবে;
- (ঘ) আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল ও খাদ্যশস্যের হিসাব সংরক্ষণে সক্ষম হতে হবে;
- (ঙ) খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িকভাবে বরখাস্তকৃত কিংবা আদালত কর্তৃক শাস্তিপ্রাপ্ত কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে ডিলার নিয়োগ করা হবে না;
- (চ) একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবে না;
- (ছ) কোন সরকারী কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবে না;
- (জ) নির্বাচিত ডিলারের নিকট হতে ২০,০০০/- (বিশ হাজার) টাকা পে-অর্ডার আকারে ফেরতযোগ্য জামানত গ্রহন করা হবে এবং নির্ধারিত শর্তাবলী সংবলিত ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প অঙ্গীকারনামা নেওয়া হবে;
- (ঝ) আবেদনকারীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে;

আগ্রহী প্রার্থীকে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক ০৩ কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের ছবি, জাতীয় পরিচয়পত্র, ট্রেড লাইসেন্স (হাল নাগাদ), ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ এবং দোকানের স্বপক্ষে কাগজপত্রাদি সংযুক্ত করে আগামী ৩০/০৮/২০১৮ তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভৈরব, কিশোরগঞ্জ বরাবর আবেদন করতে হবে।

স্বাক্ষরিত

(মোঃ শরীফ মোল্লা)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ভৈরব, কিশোরগঞ্জ

ফোন: ০২-৯৪৭০৩০৪


ই-মেইল: ucfbhairab@gmail.com

পত্র সংখ্যা: ১৩.০২.৪৮১১.০২৫.২১.০৩৫.১৬-

তারিখ: ০৬ আগস্ট, ২০১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, ভৈরব, কিশোরগঞ্জ।
৪. জেলা খাদ্য নিয়ন্ত্রক, কিশোরগঞ্জ।
৫. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
৬. উপজেলাকর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
৭. চেয়ারম্যান, (সকল) ইউনিয়ন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
৮. সভাপতি, ভৈরব প্রেসক্লাব, ভৈরব, কিশোরগঞ্জ।
৯. নোটিশ বোর্ড অত্রাফিস/উপজেলা নির্বাহী অফিসারের অফিস, ভৈরব, কিশোরগঞ্জ।
১০. অফিস নথি।



উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ভৈরব, কিশোরগঞ্জ